



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২৪ ফেব্রুয়ারি, ২০১৯

### প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৪ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখ বিকাল ৩ টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ সাস্ট রিসার্চ সেন্টার আয়োজিত “Workshop on Project Management” শীর্ষক চার দিন ব্যাপি কর্মশালা শুভ উদ্বোধন করেন প্রধান অতিথি মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসন মানসম্পন্ন গবেষণাকে উৎসাহিত করতে সদা তৎপর। গবেষণা খাতকে গতিশীল করতে বিশ্ববিদ্যালয়ের গবেষণা বরাদ্দ প্রায় তিন গুণ করা হয়েছে। বরাদ্দকৃত অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত করতে আজকের কর্মশালা কার্যকরী ভূমিকা পালন করবে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সাস্ট রিসার্চ সেন্টারের পরিচালক প্রফেসর ড. মো. জাকির হোসেন এবং সঞ্চালনা করেন সাস্ট রিসার্চ সেন্টারের সদস্য প্রফেসর ড. মো. মিজানুর রহমান ।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)  
রেজিস্ট্রার